পশ্চিমবঙ্গ সরকার
শিশু বিকাশ প্রকল্প আধিকারিকেরকরণ
বলরামপুর (অতিরিক্ত) সুসংহত শিশুবিকাশ সেবা প্রকল্প
পুরুলিয়া

স্মারকসংখ্যা :- 29/ICDS/BLR

তারিখ :- 30-01-2024

বিজ্ঞপ্তি

এতদ্বারা জানানো যাচ্ছে যে, বলরামপুর অতিরিক্ত সুসংহত শিশুবিকাশ সেবা প্রকল্পে অঙ্গনওয়াড়ি সহায়িকা পদ থেকে অঙ্গনওয়াড়ি কর্মীপদে পদোন্নতির জন্য কেবলমাত্র বলরামপুর অতিরিক্ত সুসংহত শিশুবিকাশ সেবা প্রকল্পে যে সকল সহায়িকারা ন্যূনতম ৫ বছর নিরবিচ্ছিন্নভাবে সহায়িকা পদে কর্মরতাদের থেকে নিম্নলিখিত শর্তে আবেদন পত্র আহ্বান করা হচ্ছে।

১. এই নিযুক্তি সম্পূর্ণ স্বেচ্ছা সেবা মূলক।
২.এই কাজে নিযুক্ত কর্মী কখনই সরকারী কর্মীরূপে গণ্য হবেন না।
৩.অঙ্গনওয়াড়ী কর্মীদের সরকার অনুমোদিত হারে প্রতি মাসে সাম্মানিক ভাতাসহ অতিরিক্ত ভাতা প্রদান করা হবে। বর্তমানে কর্মীদের চালু সাম্মানিক ভাতার পরিমান মাসিক ৪৫০০/- টাকা এবং অতিরিক্ত সাম্মানিক ভাতার পরিমান মাসিক ৩৭৫০/- টাকা

**শূন্য পদের বিবরণ এবং সংরক্ষনবিন্যাস :-**
বর্তমানে পদোন্নতির মাধ্যমে অঙ্গনওয়াড়ী কর্মী শূন্যপদের সংখ্যা -২৮ টি
শূন্যপদ অনুযায়ী সংরক্ষনবিন্যাস: (৫০ পয়েন্ট রোস্টার অনুযায়ী )

| মোটশূন্যপদ | অসংরক্ষিত (UR) | তপসিলী জাতি (SC) | তপসিলী উপজাতি (ST) |
|---|---|---|---|
| ২৮ | ২০ | ৬ | ২ |

**আবশ্যিকশর্তাবলী :-**

**ক) ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা :**
১) বিজ্ঞপ্তি প্রকাশের তারিখটিকে ভিত্তি করে (৩০.০১.২০২৪) অনুযায়ী অঙ্গনওয়াড়ী কর্মীপদে পদন্নোতির ক্ষেত্রে যে কোন স্বীকৃত বোর্ড থেকে মাধ্যমিক বা সমতুল্য পাশ হতে হবে [সাধারন, তপশিলি জাতি, তপশিলি উপজাতি ও অন্যান্য অনগ্রসরশ্রেনী (A/B) ইত্যাদি সকলের ক্ষেত্রে]।
২) উচ্চতর শিক্ষাগত যোগ্যতা প্রার্থীপদের ক্ষেত্রে কোন অন্তরায় হবেনা।
৩) যে সকল সহায়িকা ১৯.০৯.২০১৩ এর পূর্বে সহায়িকা পদে যোগদান করেছেন, তাদের ক্ষেত্রে সহায়িকা পদে আবেদন করার সময় নিজের মাধ্যমিক বা উচ্চতর শিক্ষাগত যোগ্যতা গোপন করে থাকেন তাহলে এই ক্ষেত্রে তার আবেদনপত্র বিবেচিত হবেনা।

**খ) বয়স :** ৩০.০১.২০২৪ বিজ্ঞপ্তি প্রকাশের তারিখটিকে ভিত্তিকরে ৬৫ বছর পর্যন্ত ।

**গ)স্থায়ী বাসস্থান সংক্রান্ত শর্তঃ** অঙ্গনওয়াড়ি কর্মী পদে আবেদনকারিনীকে অবশ্যই বলরামপুর পঞ্চায়েত সমিতির অর্ন্তভুক্ত এলাকার স্থায়ী বাসিন্দা হতে হবে ।

**ঘ) অভিজ্ঞতা :** ৩০.০১.২০২৪ বিজ্ঞপ্তি প্রকাশের তারিখটিকে ভিত্তিকরে অভিজ্ঞতা নিরুপণ করা হবে। (ন্যূনতম অভিজ্ঞতা ৫ বছর)

**ঙ) পরীক্ষা :** সকল আবশ্যিক শর্ত পূরনের সাপেক্ষে যোগ্য আবেদনকারিনীদের পরীক্ষার মাধ্যমে নির্বাচিত করা হবে । মোট ৫০ নম্বরের পরীক্ষা হবে, যার মধ্যে লিখিত পরীক্ষায় ৩৫ নম্বর, অভিজ্ঞতার ক্ষেত্রে সর্বোচ্চ ১০ নম্বর (৮ বছর বা তার উর্দ্ধে নিরবিচ্ছিন্নভাবে সহায়িকাপদে কাজ করলে ৫ নম্বর এবং ১১ বছর বা তার উর্দ্ধে নিরবিচ্ছিন্নভাবে সহায়িকাপদে কাজ করলে ১০ নম্বর) এবং মৌখিকপরীক্ষায় ৫ নম্বর।

লিখিত পরীক্ষার পাঠ্যক্রম নিম্নরূপ :

১) গণিত, (দশম শ্রেণীর মানের) - ১০ নম্বর
২) পুষ্টি, জনস্বাস্থ্য, নারীর সামাজিক অবস্থান বিষয়ক প্রশ্ন - ১০ নম্বর
৩) ইংরাজী ভাষা (দশম শ্রেণীর মানের) - ১০ নম্বর
৪) সাধারন জ্ঞানের প্রশ্ন - ০৫ নম্বর

Child Development Project Officer
Balarampur I C D S Project
Purulia

( প্রশ্নপত্র MCQ ধরণের হবে )

**বি:দ্র:- লিখিত পরীক্ষা ও মৌখিক পরীক্ষার ক্ষেত্রে কোন ন্যূনতম যোগ্যতা নির্ধারক নম্বর থাকবে না। লিখিত পরীক্ষা অথবা মৌখিক পরীক্ষায় অনুপস্থিত থাকলে সেই প্রার্থী অযোগ্য বলে বিবেচিত হবে এবং প্রার্থীপদ বাতিল হবে। লিখিত পরীক্ষায় প্রাপ্ত নম্বর, মৌখিক পরীক্ষায় প্রাপ্ত নম্বর, এবং অভিজ্ঞতার ভিত্তিতে প্রাপ্ত মোট নম্বরের ভিত্তিতে চূড়ান্ত মেধাতালিকা প্রস্তুত করা হবে। লিখিত পরীক্ষার ও মৌখিক পরীক্ষার তারিখ প্রবেশপত্রের মাধ্যমে প্রার্থীদের জানানো হবে।

**চ) সংরক্ষন সংক্রান্ত শর্তাবলী:**

সংরক্ষিত পদের প্রার্থীদের ক্ষেত্রে নির্দিষ্ট শংসাপত্র উপযুক্ত কর্তৃপক্ষ দ্বারা প্রদত্ত হতে হবে। আবেদনপত্রের সাথে উক্ত শংসাপত্রের স্ব-প্রত্যয়িত প্রতিলিপি জমা দিতে হবে (শংসাপত্রের জন্য আবেদন জমা দেওয়ার রসিদ গ্রাহ্য হবেনা)। আবেদনপত্রের সাথে উক্ত শংসাপত্রের স্ব-প্রত্যয়িত প্রতিলিপি জমা না দেওয়া হলে ঐ প্রার্থীকে অসংরক্ষিত পদের জন্য বিবেচনা করা হবে ( অন্যান্য যোগ্যতা মান সঠিক থাকলে )।

**ছ) আবেদন সংক্রান্ত শর্তাবলী এবং আবেদনপত্র জমা দেবার তারিখ :-** বিজ্ঞপ্তির সাথে সংযুক্ত আবেদনপত্রের নমুনা অনুযায়ী পুরন করা আবেদন পত্র – বলরামপুর অতিরিক্ত সুসংহত শিশুবিকাশ সেবা প্রকল্প, পো-রাঙ্গাডি ,থানা- বলরামপুর, পিন : ৭২৩১৪৩, জেলা–পুরুলিয়া-এর কার্যালয়ে ৩০.০১.২০২৪ **তারিখ থেকে** ২৩.০২.২০২৪ তারিখ পর্যন্ত (সরকারী ছুটির দিন এবং শনি ও রবিবার ব্যতীত) বেলা ১১টা থেকে বিকাল ৩ টা অবধি সীলকরা খামে হাতে হাতে জমা দিতে হবে। আবেদনপত্রটি অবশ্যই নমুনা অনুযায়ী ছাপানো অথবা স্ব-হস্তলিখিত হতে হবে। আবেদনপত্রের নমুনা শিশুবিকাশ সেবা প্রকল্প আধিকারিকের করণে দেখতে পাওয়া যাবে। পূরন করা আবেদনপত্রটি অবশ্যই প্রার্থী দ্বারা স্বাক্ষরিত হতে হবে। আবেদনপত্রের সাথে অবশ্যই নিজনাম, ঠিকানা লিখিত এবং ৫ টাকার ডাকটিকিট যুক্ত ২৩ সেমি লম্বা ও ১০ সেমি চওড়া মাপের একটি খালি খাম জমা দিতে হবে।

** বি:দ্র:- ২৩.০২.২০২৪ তারিখ বিকাল ৩ টের পর আর কোন আবেদনপত্র জমা নেওয়া হবে না। ডাকযোগে প্রাপ্ত আবেদনপত্র কোন মতে গ্রাহ্য হবে না এবং অনুরূপ সকল আবেদনপত্র বাতিল বলে গন্য হবে। শুধু মাত্র নির্ভুল ও সঠিক আবেদন পত্রের ভিত্তিতেই লিখিত পরীক্ষার প্রবেশপত্র (এডমিট কার্ড) প্রদান করা হবে। আবেদনপত্রে কোন অস্বাক্ষরিত পরিবর্তন গ্রাহ্য হবে না এবং জমা দেওয়া আবেদনপত্রে কোন পরিবর্তনের অনুরোধ গ্রাহ্য হবে না।

**<u>সীল করা খামের উপরে যা লিখতে হবে :-</u>**

**১)'অঙ্গনওয়াড়িকর্মী পদে পদোন্নতির আবেদনপত্র'**
**২)বিজ্ঞপ্তির স্বারকসংখ্যা ও তারিখ:-**
**৩) আবেদনকারিনীর নাম:-**
**৪) যে কেন্দ্রের সহায়িকা তার নাম ও নং:-**
**৫) অঙ্গনওয়াড়ি কেন্দ্রের গ্রাম পঞ্চায়েতের নাম :-**

Child Development Project Officer
Balarampur I C D S Project
Purulia

**জ) আবেদনপত্রের সাথে প্রদেয় প্রমানপত্র / শংসাপত্রের প্রতিলিপি :-**

১) ৩টি সাম্প্রতিকতম পাসপোর্ট রঙিন ছবি। একটি ছবি আবেদনপত্রের নির্দিষ্ট স্থানে আঠা দিয়ে সেঁটে দিতে হবে। অপর ২টি ছবি খামের মধ্যে থাকবে।

২) বয়সের প্রমান স্বরূপ মাধ্যমিক বা সমতুল্য পরীক্ষার প্রবেশপত্র অথবা জন্ম শংসাপত্রেরস্ব-প্রত্যয়িত প্রতিলিপি।

৩) উপযুক্ত কর্তৃপক্ষদ্বারা প্রদত্ত স্থায়ী বাসস্থানের শংসাপত্রের আসল। স্থায়ী বাসিন্দার শংসাপত্রের ক্ষেত্রে সংশ্লিষ্ট লোকসভার সদস্য / সভাধিপতি, পুরুলিয়া জেলাপরিষদ / সংশ্লিষ্টএলাকারবিধায়ক / জেলাশাসক, পুরুলিয়া/ অতিরিক্তজেলাশাসক, পুরুলিয়া/ মহকুমাশাসক/ পঞ্চায়েত সমিতির সভাপতি / সমষ্টি উন্নয়ন আধিকারিক অথবা সংশ্লিষ্ট গ্রাম পঞ্চায়েতের প্রধান প্রদত্ত শংসাপত্রই বৈধ বলে গন্য হবে। এক্ষেত্রে উক্ত শংসাপত্রের প্রত্যয়িত নকল গ্রাহ্য হবে না।

৪) ন্যূনতম মাধ্যমিক ও সর্বাধিক শিক্ষাগত যোগ্যতার প্রমান পত্রের স্ব-প্রত্যয়িত প্রতিলিপি।

৫) জেলাশাসক / অতিরিক্ত জেলাশাসক / মহকুমা শাসক প্রদত্ত জাতি শংসা পত্রের স্ব-প্রত্যয়িত প্রতিলিপি।

৬) অঙ্গনওয়াড়ি সহায়িকা পদে যোগদানের নিয়োগপত্র এবং যোগদানপত্র –এর স্ব-প্রত্যয়িত প্রতিলিপি।

**বি:দ্র:-কোনও ভুল বা অসংগত তথ্য দিলে বা উপরিউক্ত শর্ত লঙ্ঘন করলে আবেদনপত্র বাতিল বলে গন্য হবে এবং এই বিষয়ে কোনও কারন দর্শানো হবেনা। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের মৌখিক পরীক্ষার পূর্বে যাবতীয় শংসাপত্রের আসল দাখিল করতে হবে এবং এক্ষেত্রে সঠিক শংসাপত্র দেখাতে না পারলে মৌখিক পরীক্ষায় প্রবেশাধিকার দেওয়া হবে না।

•• পরীক্ষা কেন্দ্রে উপস্থিত হওয়ার জন্য কোন রূপ গাড়ী ভাড়া বা অপর কোন খরচ প্রকল্প কার্যালয় বহন করবে না।

**যদি প্রমানিত হয় কোন প্রার্থী তার নিয়োগের ক্ষেত্রে কোনরূপ প্রভাব বিস্তার করেছেন অথবা অসাধু উপায় অবলম্বন করেছেন তাহলে তার প্রার্থীপদ বাতিল বলে গণ্য করা হবে।

**শিশু বিকাশ প্রকল্প আধিকারিক**
**বলরামপুর (অতিরিক্ত) সুসংহত শিশুবিকাশ সেবা প্রকল্প, পুরুলিয়া**

Child Development Project Officer
Balarampur I C D S Project
Purulia

স্মারকসংখ্যা :- 29/(1/10)/ICDS/BLR

তারিখ :- 30-01-2024

জ্ঞাতার্থে ও ব্যাপক প্রচারের উদ্দেশ্যে সংশ্লিষ্ট কার্যালয়ের নোটিশ বোর্ডে প্রদর্শনের অনুরোধসহ অনুলিপি প্রেরন করা হল :-

১) মাননীয় জেলাশাসক, পুরুলিয়া এবং চেয়ারপার্সন, ডি.এল.এস. এ্যান্ড এম.সি., পুরুলিয়া
২) মাননীয় রাজীব লোচন সোরেন, বিধায়ক বান্দোয়ান বিধানসভা কেন্দ্রএবং ভাইসচেয়ারপার্সন, ডি.এল.এস. এ্যান্ডএম.সি., পুরুলিয়া
৩) মাননীয় সুশান্ত মাহাত, বিধায়ক, বাগমুন্ডি বিধানসভা কেন্দ্র এবং সদস্য, ডি.এল.এস. এ্যান্ড এম.সি., পুরুলিয়া
৪) মাননীয় মহকুমাশাসক, পুরুলিয়া সদর,পুরুলিয়া
৫) মাননীয় জেলা প্রকল্প আধিকারিক (আই.সি.ডি.এস.), পুরুলিয়া
৬) মাননীয় সমষ্টি উন্নয়ণ আধিকারিক, বলরামপুর , পুরুলিয়া
৭) মাননীয় সভাপতি,-পঞ্চায়েত সমিতি, বলরামপুর , পুরুলিয়া
৮) মাননীয় সমষ্টি স্বাস্থ্য আধিকারিক, বলরামপুর , পুরুলিয়া
৯) মাননীয়া মুখ্যসেবিকা, বলরামপুর – কে আই.সি.ডি.এস., সকল কর্মী ও সহায়িকাদের এই বিজ্ঞপ্তি সম্পর্কে অবগত করানোর অনুরোধ করা হচ্ছে ।
১০)অফিস নোটিস বোর্ড

**শিশু বিকাশ প্রকল্প আধিকারিক**
**বলরামপুর (অতিরিক্ত) সুসংহত শিশুবিকাশ সেবা প্রকল্প, পুরুলিয়া**

Child Development Project Officer
Balarampur I C D S Project
Purulia

hot on OnePlus

# অঙ্গনওয়াড়ি কর্মী পদে পদোন্নতির জন্য আবেদন পত্র

স্ব-প্রত্যয়িত ছবি

প্রতি
শিশু বিকাশ প্রকল্প আধিকারিক
বলরামপুর (অতিরিক্ত) সুসংহত শিশু বিকাশ সেবা প্রকল্প

**বিষয়ঃ-অঙ্গনওয়াড়ি কর্মী পদে পদোন্নতির জন্য আবেদন পত্র**

মহাশয়,

বিনীত নিবেদন এই যে, আমি বলরামপুর (অতিরিক্ত) সুসংহত শিশু বিকাশ সেবা প্রকল্পের অধীনস্ত একজন অঙ্গনওয়াড়ি সহায়িকা।

সহায়িকা পদে কর্মরত কেন্দ্রের নাম ..........................................................................

কেন্দ্রের কোড .................................................... গ্রাম পঞ্চায়েত ..........................................

বিজ্ঞপ্তি নং ......................., তারিখ-...................... এর পরিপ্রেক্ষিতে আমি অঙ্গনওয়াড়ি কর্মী পদে পদোন্নতির জন্য আগ্রহী। এই বিষয়ে প্রয়োজনীয় তথ্য নিচে দেওয়া হলো।

১. নাম – ..........................................................................................

২. পিতার নাম – ..........................................................................................

৩. স্বামীর নাম (বিবাহিত হলে) – ..........................................................................................

৪. স্থায়ী বসবাসের ঠিকানা -

| গ্রাম | | পোষ্ট অফিস | |
|---|---|---|---|
| গ্রাম পঞ্চায়েত | | থানা | |
| জেলা | | পিন কোড | |

৫. জন্ম তারিখ- ........../........../................... (মাধ্যমিক বা সমতুল্য পরীক্ষার প্রবেশপত্র অথবা জন্ম শংসাপত্রের অনুসারে)

৬. অঙ্গনওয়াড়ি সহায়িকা পদের যোগদানের তারিখ - ........../........../........................

৭. অঙ্গনওয়াড়ি সহায়িকা পদের যোগদানের আদেশনামা নং ............................ও তারিখ -........../........../........................

৮. জাতি- ..........................................................( সাধারন/তপশীলী জাতি/তপশিলী উপজাতি/ও.বি.সি. -A /ও.বি.সি. –B)

ক)জাতিগত শংসা পত্রের নম্বর.................................... ও তারিখ-........../........../......................

খ) জাতিগত শংসাপত্র প্রদানকারী কতৃপক্ষের বিবরণ..........................................................................

৯. আধার নং –..........................................................................

১০. মোবাইল নং -..........................................................................

১১. সহায়িকা পদে যোগদানের সময় শিক্ষাগত যোগ্যতা –..........................................................................

১২. শিক্ষাগত যোগ্যাতার বিবরণ –

| পরীক্ষার নাম | বোর্ড / কাউন্সিল | বিদ্যালয়ের নাম | উত্তীর্ণ হবার সাল/বছর | প্রাপ্ত নম্বর | ডিভিশন / ক্লাস |
|---|---|---|---|---|---|
| | | | | | |
| | | | | | |

উপরের বর্ণিত তথ্যের প্রয়োজনীয় প্রমানপত্র সংযোজিত করা হলো। এতদ্বারা আমি ঘোষণা করিতেছি যে, উপরিউক্ত তথ্য ভুল বা মিথ্যা প্রমানিত হলে আইনত যে কোন পদক্ষেপের জন্য আমি দায়ী থাকবো এবং আমার প্রার্থী পদ বাতিল বলে গন্য হলে আমার কোন আপত্তি থাকবে না।

তারিখ :

আবেদনকারীর স্বাক্ষর

Shot on OnePlus
By Arpan